

বাসে ছাত্র-ছাত্রীদের আসন আলাদা করল জবি

জবি প্রতিবেদক

১৮ সেপ্টেম্বর ২০২৩, ০৮:১২ পিএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) বাসে ছাত্র-ছাত্রীরা জন্য আলাদা আসন নির্ধারণ করে দিয়েছে কর্তৃপক্ষ। আজ রবিবার বিশ্ববিদ্যালয়ের পরিবহন প্রসাশক অধ্যাপক ড. সিদ্ধার্থ ভৌমিক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা জারি করা হয়।

এতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী বহনকারী নিজস্ব পরিবহনের (সিলভার রং) একতলা বাসের সামনের দ্বিতীয় সারি থেকে পঞ্চম সারি পর্যন্ত দুই পাশের সব আসন ছাত্রীদের জন্য বরাদ্দ থাকবে এবং অবশিষ্ট আসন ছাত্রদের জন্য বরাদ্দ থাকবে। অন্যদিকে, বিআরটিসি থেকে ভাড়া করা দ্বিতীয় বাসের নিচের তলায় ছাত্রীরা অবস্থান করবেন এবং ওপরের তলায় ছাত্রীরা অবস্থান করবেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বই, খাতা, ব্যাগ বা রুমাল রেখে কোনো আসন দখল করা যাবে না। আগে এলে আগে বসবে। বাসে সিনিয়র-জুনিয়র হিসেবে বসা বা দাঁড়ানো যাবে না। শিক্ষার্থীদের বাসে কোনো কমিটি গঠন করা যাবে না।

পরিবহন বাসে ছাত্রীদের আসন নিশ্চিত করার জন্য এবং র্যাগিং কালচার বন্ধ করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন এমন নির্দেশনা দি